দৈনিক ইনকিলাব

তারিখ 03 NOV 1987
পৃষ্ঠা ... কলাম 4 ...

০১

## উপজেলা পরিক্রমা

# লালমনিরহাট সদর

লালমনিরহাট, ২ নভেম্বর (সংবাদদাতা)।—রংপুর জেলার উত্তরাঞ্চলে তিস্তা, ধরলা বিধৌত ৯টি ইউনিয়নের সমন্বয়ে লালমনিরহাট সদর উপজেলা। এটি একটি সীমান্তবর্তী এলাকা। ১০৪ বর্গমাইল নিয়ে লালমনিরহাট সদর উপজেলা লোকসংখ্যা ২,২০,০৪৯ জন। ৯টি ইউনিয়ন, একটি পৌরসভা এবং ১৭৪টি গ্রাম নিয়ে এ উপজেলা গঠিত।

### কৃষি

মোট জমির পরিমাণ ৪৫ হাজার ৮শ' ৭৩ একর। আবাদী জমির পরিমাণ ৪৫ হাজার ৩শ' ৯৩ একর। এর মধ্যে ১৮,৫৯০ একর জমি প্রতিবছর অনাবাদী থেকে যায়। মাত্র ৪৪টি গভীর নলকূপ, ৩৮টি পাওয়ার পাম্প, ৩৫১টি অগভীর নলকূপ এবং ২৮৩টি পাচালিত নলকূপ সমন্বয়ে উপজেলার কৃষি ব্যবস্থা পরিচালিত।

### শিক্ষা

উপজেলায় নিম্নমাধ্যমিক বিদ্যালয় ৮টি, ১০টি মাধ্যমিক বিদ্যালয়, ২টি বালিকা বিদ্যালয় ও ২টি মহাবিদ্যালয় রয়েছে। এছাড়া রয়েছে ৫০টি মাদ্রাসা ও ৯০টি প্রাথমিক বিদ্যালয়। অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান সমস্যায় জড়িত।

### যোগাযোগ

৩২ মাইল পাকা রাস্তা, ২০৫ মাইল কাঁচা রাস্তা ও ৫০ কিলোমিটার গেজ রেল পথই এই উপজেলার প্রধান যোগাযোগ মাধ্যম।

### হাট-বাজার

এ উপজেলায় ছোট-বড় ২৩টি হাট-বাজার আছে। অধিকাংশ বাজারেই ছাউনি নেই এবং বিদ্যুৎ, রাস্তাঘাট ও পয়ঃপ্রণালী সমস্যা প্রকট।

### চিকিৎসা

এ সদর উপজেলায় ২টি হাসপাতাল, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান আর-ডি, আর, এস-এর ১টি স্বাস্থ্য প্রকল্প ও ৪টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র রয়েছে।